

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের “ই-সেবা” প্ল্যাটফরম শুভ উদ্বোধন

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সকল সেবাকে ই-সেবার আওতায় আনার জন্য সেবা সহজিকরণ ও ইনোভেশন টিম কাজ করে যাচ্ছে। ইতোমধ্যে “ই-সেবা” প্ল্যাটফরম তৈরি করা হয়েছে। আগামী ২০২২-২০২৩ অর্থ বছরের মধ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড Paper Less দাপ্তরিক সেবা প্রদান করতে পারবে এবং সকল স্টেক হোল্ডার ঘরে বসে সেবা গ্রহণ করবে। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব জনবলের মাধ্যমে বোর্ডের সকল সেবাকে সহজিকরণ করে “ই-সেবার” আওতায় আনা হচ্ছে। বর্তমানে সহজিকৃত সেবা সমূহ (ক) শিক্ষার্থীর তথ্য সংশোধন (খ) শিক্ষকদের ডাটাবেইজ তৈরি (গ) এ্যাফিলিয়েশন ফি প্রদান।

অদ্য ০৯-১১-২০২১ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের “ই-সেবা” প্ল্যাটফরম উদ্বোধন করেন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের মাননীয় সচিব, জনাব মোঃ আমিনুল ইসলাম খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ আলী আকবর খান, চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। অনুষ্ঠানটি পরিচালনা করে ড. ইন্দ্রানী ধর, উপ-পরিদর্শক (বিএম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং অনুষ্ঠানে ই-সেবা প্ল্যাটফরম এর সফটওয়্যার ডেমোনেস্ট্রেশন করেন জনাব মোঃ মামুন অর রশিদ, সহকারি প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।

উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন জনাব মোঃ মনিরুজ্জামান, অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন), চীফ ইনোভেশন অফিসার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, জনাব মোঃ আব্দুল আওয়াল, উপসচিব, (এপিএ,এসআইএস,ইনোভেশন ও এসডিজি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান, সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এছাড়াও বোর্ডের ইনোভেশন টিম সহ সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারিবৃন্দ এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ উপস্থিত ছিলেন।

